মেহেরপুরে শিক্ষক প্রশিক্ষণ ও মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত

মেহেরপুরে জেলা ইসলামিক ফাউন্ডেশনের আয়োজনে শিক্ষক প্রশিক্ষণ ও মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (২৮ মে) দুপুরে জেলা মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্রে অনুষ্ঠিত হয়।

সমন্বয় সভার সভাপতিত্ব করেন ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীম।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোঃ শামীম হাসান।

এসময় জেলা মডেল মসজিদের ইমাম মুফতি মোঃ সাদিকুর রহমান,জেলা ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড অফিসার আবু রায়হান, মাস্টার ট্রেইনার মাওঃ মোঃ আঃ হামিদ,ফিল্ড সুপারভাইজার তাওহীদুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।

জীবননগরে উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত

জীবননগর উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল ১১টায় সময় জীবননগর উপজেলা পরিষদের আয়োজনে উপজেলা পরিষদের সভাকক্ষে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. হাফিজুর রহমানের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) হাসিনা মমতাজ, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) তিথি মিত্র, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এস, এম জাবীদ হাসান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সেলিনা আক্তার সীমু, মনোহরপুর ইউনিয়ন

পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন খাঁন সুরোদ্দীন, সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইসাবুল ইসলাম মিল্টন, বাঁকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান, হাসাদাহ ইউপি চেয়ারম্যান রবিউল ইসলাম বিশ্বাস, রায়পুর ইউপি চেয়ারম্যান তাহাজ্জদ মির্জা, উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল হান্নান, কেডিকে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খাইরুল বাশার শিপলুসহ সকল দপ্তরের কর্মকর্তা এসময় উপস্থিত ছিলেন।

গাংনীতে উপানুষ্ঠানিক শিখন কেন্দ্রর মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত

আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন কর্মসুচীর উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ের গাংনী উপজেলার শিক্ষক ও সুপারভাইজারদের নিয়ে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার সকাল ১০ টার সময় গাংনী মাধ্যমিক পাইলট বিদ্যালয় হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এ কর্মসুচী বাস্তবায়ন করে। মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারী পরিচালক শেখ মোঃ সুরুজ্জামান।



এসময় বক্তব্য রাখেন, সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন,

কর্মসুচীর ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার সাদ আহম্মেদ ও উপজেলা প্রোগ্রাম ম্যানেজার মোঃ আব্দুল করিম।

এ ছাড়াও বর্তমান শিখন কেন্দ্র গুলোর শিখন শেখানো অবস্থা, কেন্দ্রের পড়া লেখার মান যাচাই সহ কেন্দ্রের পরিবেশ ও ছাত্র ছাত্রীর উপস্থিতি বিষয়ে আলোচনা করা হয়। গাংনী উপজেলার ৮০ জন শিখন কেন্দ্রের শিক্ষক শিক্ষিকা ও সুপারভাইজারগণ সভায় অংশগ্রহণ করেন।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদ হলরুমে গতকাল সোমবার বেলা ১২ টার দিকে ইউনিয়ন পরিষদের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আ:করিম বিশ্বাসের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামীলীগের সহ-সভাপতি আ:কাদের বিশ্বাস,সাধারন সম্পাদক নজীর আহমেদ,যুগ্ম সম্পাদক আ:সালাম বিশ্বাস,সাংগঠনিক সম্পাদক জাহিদুর রহমান মুকুল,মখলেছুর রহমান রিপন,নাসির উদ্দীন,নাজমুল হাসান গেগার,কার্পাসডাঙ্গা পুলিশ ফাঁড়ির ইনচার্জ এস আই ইমরান হোসেন,হুদা পাড়া বিজিবি ক্যাম্প কমান্ডার শুকুর আলী, এ এস আই মসলেম উদ্দীন,এ এস আই সাইদুর, বিল্লাল হোসেন মেম্বর, আলমগীর মেম্বর, সিরাজুল মেম্বর, সালাম, মাহাবুব, আনেহার, দেলোয়ারা খাতুন, ইউপি সচিব হাসানুজ্জামান, কিতাব আলী, ওমেদুল,উদ্যোক্তা হারুন প্রমুখ।